


যুগান্তর

ইবিতে প্রতি আসনে লড়বে ২৭ শিক্ষার্থী

প্রকাশ : ০৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ২৭ শিক্ষার্থী। এ বছর বিশ্ববিদ্যালয়ের ৩৪ বিভাগে ২ হাজার ৩০৫ আসনের বিপরীতে ৬১ হাজার ৯৪২ ভর্তিচ্ছু আবেদন করেছেন। আবেদন প্রক্রিয়া শেষে বুধবার দুপুরে এ তথ্য জানান ভর্তি পরীক্ষার টেকনিক্যাল উপ-কমিটির সদস্য সচিব প্রফেসর ড. পরেশ চন্দ্র বর্মণ। মঙ্গলবার রাত ১২টায় আবেদনের সময় এবং বুধবার বেলা ১২টায় টাকা জমা দেয়ার সময় শেষ হয়।

তথ্য মতে, চার ইউনিটের অধীনে বিশ্ববিদ্যালয়ের আট অনুষদের ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে। ‘এ’ ইউনিটে ২৪০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২ হাজার ২২৩টি। প্রতি আসনে প্রতিদ্বন্দ্বী ৯ জন। ‘বি’ ইউনিটে ১ হাজার ৬৫ আসনের বিপরীতে আবেদন করেছেন ২৭ হাজার ৬৩৭ জন। প্রতি আসনে লড়বে ২৫ জন। ‘সি’ ইউনিটে ৪৫০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৮ হাজার ৯৩০ জন ভর্তিচ্ছু। আসনপ্রতি প্রতিদ্বন্দ্বিতা করবেন ১৯ জন। এছাড়া ‘ডি’ ইউনিটে ৫৫০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে মোট ২৩ হাজার ১৫২টি। সেই হিসাবে এই ইউনিটে প্রতি আসনের বিপরীতে ভর্তিযুদ্ধে অংশ নেবেন ৪২ জন ভর্তিচ্ছু।

আবেদনকারীরা ১৬ অক্টোবর থেকে ২ নভেম্বর রাত ১২টা পর্যন্ত পরীক্ষার প্রবেশপত্র উত্তোলন করতে পারবেন। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৪ থেকে ৮ নভেম্বর। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে www.iu.ac.bd পাওয়া যাবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।